



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

২০/৭/১৭

নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/ ২০৬৩৪

তারিখ: ২০/০৭/২০১৭খ্রিঃ

বিষয়ঃ অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ০৫.৪৩.৮৮৭৮.০০০.০৩.০১৭.১৬-১০৪০; তারিখঃ ২৮/০৬/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন যমুনা সেতু দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটি বাতিল পূর্বক নতুন কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়েছে। উক্ত পত্রের সাথে মাননীয় সংসদ সদস্য, ৬৩ সিরাজগঞ্জ-২ অধ্যাপক ডাঃ মোঃ হাবিবে মিল্লাত এম.পি মহোদয়ের ডিও লেটার এবং মাদরাসা সংশ্লিষ্ট এলাকাসীমার আবেদন সংযুক্ত রয়েছে। প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটি কর্তৃক মাদরাসার সুপার জনাব মোঃ মোজাম্মেল হক এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার না করা, শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত আদেশ অমান্য করে সহ-সুপার থাকা সত্ত্বেও শরীর চর্চা শিক্ষককে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান, গোপনে অবৈধভাবে ম্যানেজিং কমিটি অনুমোদন গ্রহণের বিষয়ে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রেরিত পত্র, মাননীয় সংসদ সদস্যের ডিও লেটার এর সুপারিশ এর ভিত্তিতে প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/সংস্থা/৬৩৬৯/নথি নং-সিরাজ-১৩৬; তারিখঃ ০১/০২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

18-7-17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

২০/৭/১৭

প্রাপকঃ ১) সভাপতি- ম্যানেজিং কমিটি, যমুনা সেতু দাখিল মাদরাসা, সদর, সিরাজগঞ্জ।

২) ভারপ্রাপ্ত সুপার (অবৈধ), যমুনা সেতু দাখিল মাদরাসা, সদর, সিরাজগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/

তারিখ: ১০/৭/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ।
৪. জনাব মোঃ মোজাম্মেল হক, সুপার (সাময়িক বরখাস্তকৃত), যমুনা সেতু দাখিল মাদরাসা, সদর, সিরাজগঞ্জ।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪